

জাতীয় শোক দিবস ২০২২ উৎযাপন প্রতিবেদন

জাতীয় শোক দিবস বাংলাদেশে পালিত একটি জাতীয় দিবস। দেশে প্রতিবছরের ১৫ আগষ্ট জাতীয় ও রাষ্ট্রীয়ভাবে এ দিবসটি শোকের সাথে পালন করা হয়।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে সরকারী নির্দেশনা অনুসরণপূর্বক ব্র্যাক কর্তৃক মাসব্যাপী কর্মসূচির আয়োজন করা হয়। যার অংশ হিসাবে আগষ্ট এর প্রথম থেকে ব্র্যাক সিলেট জেলার সকল অফিসে জাতির পিতার প্রতি

সম্মান
প্রদর্শনে

ব্যানার স্থাপন করা হয় যা পুরো মাস দৃশ্যমান থাকে। সেই সাথে ১৫ই আগষ্ট ব্র্যাক অফিসের সকল কর্মী কালো ব্যাচ ধারণ করেন। এছাড়াও যে সকল অফিস ব্র্যাকের নিজস্ব, সেখানে ব্র্যাক দিবসটি উপলক্ষে বৃক্ষ রোপণ কর্মসূচি গ্রহণ করে এবং আলোচনা সভার আয়োজন করে।



সিলেট বিএলসিতে ড্রপডাউন ব্যানার স্থাপন।

১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করেছে ব্র্যাক। অত্র জেলায় ব্র্যাকের ৪৫টি অফিসে এক যোগে জাতীয় পতাকা অর্ধনমিত করার মধ্য দিয়ে দিবসের কার্যক্রম শুরু করা হয়।



সিলেট বিএলসিতে জাতীয় পতাকা অর্ধনমিত

এরপর, ব্র্যাক সিলেটের একটি প্রতিনিধী দল জেলা প্রশাসন চত্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর এ উপলক্ষে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এক আলোচনা সভায় তারা অংশগ্রহণ করেন।



জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে সমগ্র দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি পালনের অংশ হিসেবে ব্র্যাক সিলেট জেলা এবং উপজেলায় উল্লেখিত পদক্ষেপসমূহ গ্রহণ করে।



কোম্পানীগঞ্জ উপজেলায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ